৮ আগস্ট, ২০২৬

# ১/১১-তে আয়নাঘরে বন্দি ছিলেন তারেক রহমান: চিফ প্রসিকিউটর



চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম। ছবি: সংগৃহীত

১/১১-এর সময় তারেক রহমানকে ডিজিএফআইয়ের গোপন বন্দিশালার আয়নাঘরে আটক রাখা হয়েছিল বলে জানিয়েছেন চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম। এ বিষয়ে পর্যাপ্ত সাক্ষ্য-প্রমাণ পাওয়ার কথাও জানিয়েছেন তিনি।

শনিবার (৮ আগস্ট) ডিজিএফআইয়ের গোপন বন্দিশালা পরিদর্শন শেষে সাংবাদিকদের কাছে এ তথ্য জানান চিফ প্রসিকিউটর।

তিনি বলেন, বিভিন্ন সময় মানুষকে ধরে এনে অমানবিকভাবে জেআইসি সেলে বন্দি করে রাখা হয়েছিল। এসব সেলের সঙ্গে সংশ্লিষ্ট অনেক তথ্য-প্রমাণ ইতোমধ্যে নষ্ট করা হয়েছে বলেও জানান তিনি।

আমিনুল ইসলাম বলেন, কেউ অপরাধ করলে তার বিচার অবশ্যই হতে হবে। তবে বিচারবহির্ভূতভাবে কোনো ব্যক্তিকে আটক করে রাখা গ্রহণযোগ্য নয়।

LENS ASIA